

## কার্ড

কাজরীর বিয়ে,  
নিজে হাতে কার্ড দিয়ে ছেলে বন্ধুদের  
জমাটি আড়ায় --  
সুগন্ধি ছড়িয়ে সন্তর্পণে  
চলে গেল আগুন জুলিয়ে ।

দিনের আলোয়  
অঞ্চকার ছেয়েছিল অকস্মাত ভূসোর কালোয় ---  
কারো কারো মুখ;  
অলৌকিক হাতুড়ী ঘায়ে  
মুহূর্তেই ভেঙে গেল পাঁজরের গরাদের মধ্যে থাকা  
কয়েদির মত কারো বুক।  
সঙ্গী সাথী ক'জনের বুকে ---  
নিঃশব্দ বন্দুকে  
রেখে গেল গুলির আওয়াজ;  
শরীরের দেউলের চাতালে এবার  
স্ফুট হবে ধীরে ধীরে বেদনার্ত আধি-ব্যাধি।  
মাথুর পালার কাকাজ।

নিশিনাথ সেন

